দৈনিক ইনকিলাব

12

তারিখ JAN. 21 2000
পৃষ্ঠা ৩ কলাম ৭




*গতকাল (বৃহস্পতিবার) মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজের উদ্যোগে আয়োজিত 'নৈতিক মূল্যবোধ ও মানব সত্তা' শীর্ষক এক সেমিনারে অস্ট্রেলিয়া ফেডারেল গভর্নমেন্টের অর্থনৈতিক উপদেষ্টা ও আমেরিকার নর্থ ইস্টার্ণ বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক জনাব আবুল এহসান মূল আলোচক হিসেবে বক্তব্য রাখেন .*

মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে সেমিনারে বক্তাগণ

# ইসলামের সঠিক শিক্ষার অনুপস্থিতিই আমাদের নৈতিক অবক্ষয়ের মূল কারণ

প্রেস বিজ্ঞপ্তি ঃ মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ গতকাল (বৃহস্পতিবার) কলেজ অডিটোরিয়ামে 'নৈতিক মূল্যবোধ ও মানব সত্তা' শীর্ষক এক সেমিনারের আয়োজন করে। অস্ট্রেলিয়া ফেডারেল গভর্নমেন্টের অর্থনৈতিক উপদেষ্টা ও আমেরিকার নর্থ ইস্টার্ণ বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক জনাব আবুল এহসান মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। কলেজের প্রিন্সিপাল জনাব প্রফেসর শরীফুল ইসলাম সেমিনারে সভাপতিত্ব করেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কলেজ পরিচালনা পরিষদের সদস্য জনাব মাহিদুল ইসলাম, কলেজের প্রভাষক জনাব মাহমুদুল হাছান প্রমুখ। সেমিনারের সার্বিক পরিচালনায় ছিলেন কলেজের প্রভাষক জনাব ফরহাদ হোসাইন।

জনাব আবুল এহসান তার বক্তব্যে প্রাশ্চাত্য সভ্যতার নৈতিক অধঃপতনের একটি জীবন্ত চিত্র তুলে ধরেন এবং বলেন, বাহ্যিকভাবে ঐ সমাজকে খুব চাকচিক্যপূর্ণ মনে হলেও নৈতিকতার দিক দিয়ে সে সমাজ অন্তঃসার শূন্য। সে সমাজে বৈবাহিক জীবনে স্বামী-স্ত্রীর সম্পর্ক চরমভাবে বিপর্যস্ত। পরিবার নামক বন্ধন সেখানে ভেঙ্গে পড়ছে। এ সব কিছুর মূল কারণ হল আল্লাহ ভীতির অভাব। ধর্মীয় পাদ্রীরা সেখানে বস্তুবাদের কাছে হার মেনেছে। খৃষ্টান ধর্ম নৈতিকতা রক্ষায় চরম অক্ষমতার পরিচয় দিয়েছে। তিনি অত্যন্ত আক্ষেপ করে বলেন, আমাদের মুসলিম সমাজও সে পাশ্চাত্য সমাজের অন্ধ অনুকরণে লিপ্ত। আমরা যদি তাদের অনুকরণ করি তবে আমাদেরও একই নৈতিক ও সামাজিক বিশৃঙ্খলার সম্মুখীন হতে হবে। যুবকদের নৈতিক চরিত্রকে টিকিয়ে রাখার জন্য তিনি সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গকে বিকল্প সুস্থ সংস্কৃতির ধারা চালু করার জন্য অনুরোধ করেন।

সভাপতির বক্তব্যে প্রফেসর এম শরীফুল ইসলাম বলেন, ইসলামের সঠিক শিক্ষার অনুপস্থিতিই আমাদের নৈতিক অবক্ষয়ের মূল কারণ। তিনি ছাত্রদের বস্তুগত ও নৈতিক শিক্ষা– দুটোই অর্জন করার জন্য উপদেশ দেন। কলেজ পরিচালনা পরিষদের সদস্য জনাব মাহিদুল ইসলাম বলেন, কোরআন শরীফ নাযিলের মাধ্যমে আল্লাহতায়ালা আমাদের এমন এক দিক-নির্দেশনা দিয়েছেন, যা আমাদের সর্বপ্রকার অনৈতিকতা ও সামাজিক অবক্ষয় থেকে রক্ষা করবে।

কলেজের প্রভাষক জনাব মাহমুদুল হাছান সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ বিশেষ করে শিক্ষক সমাজকে ছাত্রসমাজের নৈতিক মান উন্নয়নের ওপর গুরুত্ব দেয়ার জন্য অনুরোধ করেন।